



ভারতের কাছে জ্বালানি সহায়তার অনুরোধ জানিয়েছে বাংলাদেশ



ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের চলমান সংঘাতকে ঘিরে বিশ্ববাজারে অস্থিরতা বাড়ায় জ্বালানি সহায়তা চেয়ে ভারতের কাছে আনুষ্ঠানিক চিঠি পাঠিয়েছে সরকার। বুধবার (১১ মার্চ)

সচিবালয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে বিষয়টি নিশ্চিত করেন প্রণয় ভার্মা।

সাংবাদিকদের তিনি জানান, অতিরিক্ত সহায়তার অনুরোধ জানিয়ে বাংলাদেশ সরকারের পাঠানো চিঠি তারা পেয়েছেন। চিঠিটি গ্রহণ করে দ্রুত পরবর্তী পদক্ষেপ নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

বৈঠকের আলোচনার প্রসঙ্গে ভারতীয় হাইকমিশনার বলেন, বিদ্যুৎ ও জ্বালানি খাতে বাংলাদেশ ও ভারতের সম্পর্ক বেশ ঘনিষ্ঠ এবং এটি দুই দেশের অর্থনৈতিক অংশীদারত্বের গুরুত্বপূর্ণ ভিত্তি। বর্তমানে আন্তঃসীমান্ত বিদ্যুৎ সংগঠন লাইন ও জ্বালানি পাইপলাইনের মাধ্যমে সহযোগিতা চলমান রয়েছে। ভবিষ্যতে এই সময় আরও বিস্তৃত করার উপায় নিয়েও আলোচনা হয়েছে।

LENS ASIA